

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 25-10-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**MSSKA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল তেলিয়ামুড়া টাউন হলে অষ্টম পর্যায়ের রাজ্যভিত্তিক সুস্থ শৈশব সুস্থ কিশোর অভিযানের সূচনা করেন। এই অভিযান চলবে আগামী ৬ই নভেম্বর পর্যন্ত। অষ্টম পর্যায়ের এই অভিযানে ১ থেকে ১৯ বছর বয়সী মোট ১০ লক্ষ ৫৯ হাজার ১৮২ জন ছেলেমেয়ে এবং কিশোর কিশোরীদের ওষুধ খাওয়ানো হবে। এই কর্মসূচিতে একটি নতুন কার্যক্রম সংযোজন করা হয়েছে, তা হচ্ছে ইউ-উইন(U-WIN)। এই প্ল্যাটফর্মের মাধ্যমে শিশুর আভা (ABHA) আইডি তৈরি করা হবে। শিশু ও কিশোর-কিশোরীদের সুস্থ রাখতে তাদের পুষ্টির বিকাশ, শারীরিক এবং জ্ঞানগত ক্ষমতার বিকাশ এবং কিশোর-কিশোরীদের রক্তাঞ্চল নিয়ন্ত্রণ করাই মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কিশোর অভিযানের উদ্দেশ্য। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শিশু ও কিশোরদের সঠিক সময়ে প্রয়োজনীয় টিকা এবং ঔষধ প্রদানের মাধ্যমে রোগ মুক্ত রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

\*\*\*\*\*

**Seminar On Global Warming- Kishor Barman :**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, জলবায়ু পরিবর্তন শুধুমাত্র ভবিষ্যতের সমস্যা নয় এটা বর্তমান সময়েরও বাস্তবতা। এবিষয়টির সঙ্গে মানব সভ্যতার অস্তিত্ব রক্ষার প্রশ্ন জড়িয়ে গেছে। সবাই মিলে এর সমাধান সূত্র বের করতে হবে। গতকাল মোহনপুরের শ্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের কল্যাণে হলে দু'দিনব্যাপী 'বিশ্ব উষ্ণায়ন: সংকট বোৰা, প্রভাব এবং দূষিত বিশ্বে স্থিতিশীল ভবিষ্যতের পথ' শীর্ষক সেমিনারের উদ্বোধন করে তিনি একথা বলেন। সেমিনারে বক্তব্য রাখেন উচ্চশিক্ষা অধিকর্তা অনিমেষ দেববর্মা।

\*\*\*\*\*

### **PM, Rojgar mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন কর্মসংস্থান মেলা দেশের যুবসমাজের স্বপ্ন পূরণের একটি মাধ্যম হয়ে উঠেছে। গতকাল নতুনদিল্লিতে সপ্তদশ জাতীয় রোজগার মেলায় এক ভিডিও বার্তায় তিনি এই কথা বলেন। অনুষ্ঠানে, বিভিন্ন সরকারি বিভাগ এবং সংস্থায় ৫১ হজারেরও বেশি নবনিযুক্ত যুবক-যুবতীকে রোজগার মেলা উদ্যোগের আওতায় নিয়োগপত্র বিতরণ করা হয়। শ্রী মোদী বলেন, গত ১১ বছর ধরে দেশ বিকশিত ভারত গড়ে তোলার সংকল্প নিয়ে এগিয়ে চলেছে এবং যুবসমাজ এতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তিনি যুবসমাজের জন্য আরেকটি বড় পদক্ষেপ হিসেবে প্রতিভা সেতু পোর্টালকে তুলে ধরেন।

# # # # Byte-PM# # # #

\*\*\*\*\*

### **Governor meet BSF :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাম্বুর সঙ্গে গতকাল রাজভবনে সাক্ষাত করলেন বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের মহাপরিদর্শক অলক কুমার চক্রবর্তী। রাজ্যপাল শ্রী চক্রবর্তীর কাছ থেকে রাজ্যে ভারত বাংলাদেশ সীমান্ত পরিস্থিতি সম্পর্কে অবগত হন। সীমান্তে নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে বিএসএফের ভূমিকার প্রশংসা করেছেন।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিঞ্চিতাবলা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর,

ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের  
ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে।

\* \* \* \* \*

### **New Criminal Law :**

দক্ষিণ জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল খ্যামুখ লকের  
রতনপুর ভিলেজে এক আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে  
ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয়  
সাক্ষ্য অধিনিয়ম ২০২৩ নিয়ে আলোচনা করেন আইনজীবি দুলাল ভৌমিক।

\* \* \* \* \*

### **Instruction to Ensure Timely Attendance in Offices :**

ত্রিপুরা সরকারের সাধারণ প্রশাসন দপ্তর থেকে সমস্ত সরকারি দপ্তরের হেড  
অব অফিস/অধিকর্তা/কন্ট্রোলিং অফিসারদের ও কর্মচারীদের নির্দিষ্ট সময়ে  
উপস্থিতি থাকার নির্দেশ দেওয়া হয়েছে। ত্রিপুরা সিভিল সার্ভিসেস (কন্ডাক্ট) রুলস ১৯৮৮-এর ধারা অনুযায়ী দেরীতে অফিসে আসা কর্মচারীদের  
বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।  
অফিসের নিয়ম অমান্যকারী কর্মীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া যেতে  
পারে বলে দপ্তর থেকে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে।

\* \* \* \* \*

### **Unity Promo Fest 2025 :**

মেলাঘরের নীরমহলে আগামী চৌর্থা এবং ফেব্রুয়ারির দুদিন ব্যাপী ইউনিটি  
প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে। গতকাল সিপাহিজলা জেলা শাসকের কনফারেন্স  
হলে আয়োজিত প্রস্তুতি বৈঠকে এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন পর্যটনমন্ত্রী  
সুশান্ত চৌধুরী। বৈঠকে উপস্থিত ছিলেন পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ,  
সিপাহিজলা জেলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ।

\* \* \* \* \*

## **World Polio Day-Rally :**

বিশ্ব পোলিও দিবস উপলক্ষে গতকাল রোটারি ক্লাব অব অ্যাসপায়ারিং-এর উদ্যোগে আগরতলায় একটি সচেতনতামূলক র্যালিভ আয়োজন করা হয়। র্যালিতে এনসিসি ক্যাডেট এমবিবি কলেজ ইউনিট এবং রোটারি ক্লাবের সদস্য সদস্যান্ব অংশ নেন।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*